# জামালপুরে চোরাই মোটরসাইকেলসহ যুবদল নেতা গ্রেপ্তার




অভিযুক্ত সোহাগ। ছবি: সংগৃহীত

জামালপুরে চোরাই মোটরসাইকেল কেনাবেচার সঙ্গে জড়িত থাকার অভিযোগে রবিউল হাসান সোহাগ নামে এক যুবদল নেতাকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। তার কাছ থেকে একটি চোরাই মোটরসাইকেলও উদ্ধার করা হয়েছে।

গ্রেপ্তার সোহাগ সদর উপজেলার রশিদপুর ইউনিয়ন ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক। বর্তমানে তিনি ওই ইউনিয়ন যুবদলের দপ্তর সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন।

রোববার (২৭ সেপ্টেম্বর) বিষয়টি নিশ্চিত করেন জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীনুর ইসলাম তালুকদার।

ডিবি পুলিশ জানায়, মোটরসাইকেল চুরি চক্রের সদস্য ফারুক, রাজ্জাক ও সাদ্দামের দেওয়া তথ্যের ভিত্তিতে শনিবার রাতে সদর উপজেলার রশিদপুরের পাকুল্লা এলাকায় অভিযান চালানো হয়। সেখান থেকে সোহাগকে গ্রেপ্তার করা হয়। পরে তার বিক্রি করা একটি চোরাই মোটরসাইকেল উদ্ধার করা হয়।

পুলিশের দাবি, চক্রের ওই তিন সদস্যকে রিমান্ডে জিজ্ঞাসাবাদে সোহাগের সম্পৃক্ততার তথ্য পাওয়া যায়। তদন্তে পাওয়া তথ্যের ভিত্তিতে তাকে গ্রেপ্তার করা হয়েছে। চক্রের চুরি করা মোটরসাইকেল বিক্রির দায়িত্ব সোহাগের ছিল বলেও দাবি করেছে ডিবি।

পুলিশ আরও জানায়, সোহাগ দীর্ঘদিন ধরে চোরাই মোটরসাইকেল কেনাবেচার সঙ্গে যুক্ত ছিলেন এবং একটি সংঘবদ্ধ চক্রের হয়ে কাজ করতেন। তার দেওয়া তথ্যের ভিত্তিতে শনিবার রাতেই রশিদপুর বাজার এলাকা থেকে আরও একটি চোরাই মোটরসাইকেল উদ্ধার করা হয়।

ডিবির ওসি শাহীনুর ইসলাম তালুকদার বলেন, গ্রেপ্তার সোহাগকে রোববার দুপুরে আদালতে পাঠানো হয়েছে। মোটরসাইকেল চুরি বন্ধে গোয়েন্দা পুলিশের অভিযান অব্যাহত থাকবে।